# নতুন নিয়মের পত্রাবলি

## মণ্ডলী ও নেতাদের নির্দেশনা দেবার জন্য প্রেরিতরা পত্র লিখেছিলেন

যারা ছোটদের শিক্ষা দেন তাদের L2b অধায়ণ পাঠ করা উচিত।

১. **ঈশ্বরের বাক্য ও প্রার্থনা সহকারে নিজেকে প্রস্তুত করুন।**

**প্রার্থনা ঃ** ''প্রভু যীশু, তুমি তোমার সন্তানদের প্রচুর রূপে প্রেম কর ও চাও যে তারা যেন তোমার প্রেরিতরা যে পত্রগুলি লিখেছে তা বুঝতে পারে ও মান্য করে। আমাকে তাদের সাহায্য করতে দাও। আমেন।''

যীশুর পাঁচজন মনোনীত প্রেরিত, বিশ্বাসী এবং তাদের নেতাদের জন্য পত্র লিখেছিলেন, যা আমাদের জন্য বাইবেলের নতুন নিয়মে রক্ষিত হয়েছে।

এই প্রেরিতরা হলেন, যাকোব, পিতর, যোহন, যিহূদা ও পৌল। এরা প্রত্যেকেই যীশুকে দর্শন করেছিলেন। তাঁরা খ্রীষ্টীয় প্রথম শতকে লিখেছিলেন। এই পত্রগুলিকে বলা হয় প্রৈরিতিক পত্রাবলী।



**যাকোব,** ইনি যীশুর ভ্রাতা ছিলেন এবং যিরূশালেমে বিশ্বাসীদেরকে নেতৃত্ব দিয়েছিলেন। ইনি যাকোবের পত্রাবলীটি ইস্রায়েলের বারোটি গোষ্ঠীর একটি যিহূদী খ্রীষ্টান, যারা রোমীয় সাম্রাজ্যর চারিদিকে ছিন্নভিন্ন হয়েছিল, তাদের প্রতি লিখেছিলেন। যাকোব ১ঃ২২ পদে ঈশ্বরের বাক্যের কর্তব্য সম্পর্কে কি বলছেন তা অনেষণ করুন।

**পিতর,** যখন যীশু তাকে আহ্বান করেছিলেন, তখন পিতর তার মাছধরার কাজ ছেড়ে দিয়ে যীশুর অনুগামী হয়েছিলেন। যদিও জনসমক্ষে সে যীশুকে অস্বীকার করেছিল তথাপি সে অনুতপ্ত হয়েছিল এবং যাকোবের সাথে যিরূশালেমে বিশ্বাসীদের নেতৃত্ব দিয়েছিলেন। প্রথম ও দ্বিতীয় পত্রগুলি তিনি রোমীয় সাম্রাজ্যের বিভিন্ন অংশে বসবাসকারী খ্রীষ্টীয়ানদের উদ্দেশ্যে লিখেছিলেন যার মধ্যে দিয়ে তিনি তাদেরকে এমনকি তাড়নার সময়েও বিশ্বস্ত থাকার জন্য উৎসাহ প্রদান করেছেন। ১ পিতর ৫ঃ১০ পদে অন্বেষণ করুন, ঈশ্বর পিতরের মাধ্যমে যারা যীশুর জন্য তাড়না ভোগ করে তাদের জন্য কি প্রতিজ্ঞা রেখেছেন।

**যোহন,** যীশু তাকে আহ্বান করার পূর্ব পর্যন্ত যোহন বাপ্তিস্মদাতা যোহনের অনুগামী ছিলেন। যীশুর প্রতি তার গভীর টান ছিল এবং অন্যদেরকে সে সবসময় উৎসাহিত করত , যে তারা যেন সর্বদা ঈশ্বরের ও একে অন্যের প্রতি তাদের প্রেমকে প্রদর্শন করে। প্রথম যোহন পত্রটি তিনি সমস্ত খ্রীষ্টানদের ও দ্বিতীয় এবং তৃতীয়টি মণ্ডলীর নেতাদের উদ্দেশ্যে লিখেছিলেন। ১ যোহন ১ঃ৪ এবং ৫ঃ১৩ অংশে দুটি কারণের অন্বেষণ করুন, যারজন্য তিনি তার প্রথম পত্রটি লিখেছিলেন।

**যিহূদা,** যাকোবের মত, ইনি যীশুর ভ্রাতা ছিলেন এবং যিরূশালেমে একজন নেতা হয়েছিলেন। যিহূদা পত্রটি তিনি ভ্রান্ত শিক্ষকদের যারা বিশ্বাসীদের ভুলাচ্ছে এবং কয়েক জনকে দুষ্ট আচরণের পথে নিয়ে যাচ্ছে তাদের এ বিষয়ে সতর্ক করার জন্য লিখেছিলেন। যিহূদা পত্রে অন্বেষণ করুন কেন তিনি এই পত্রটি লিখেছিলেন।

**পৌল** (তর্শীশের পৌল), যীশুর দ্বারা একটি দর্শনের মাধ্যমে তিনি প্রেরিত পদে অভিষিক্ত হয়েছিলেন। রোমীয় সাম্রাজ্যের বিভিন্ন নগরে বসবাসকারী অযিহূদী খ্রীষ্টানদের মধ্যে কাজ করার জন্যে যীশু তাকে প্রেরণ করেছিলেন। নতুন নিয়ম তার রোমীয়,করিন্থীয় গালাতীয়, ইফিষীয়, ফিলিপীয়, কলসীয় এবং থিষলনীকীয় এই পত্রগুলির সাথে সাথে নতুন নেতাদের জন্য লেখা পত্রগুলিও (ফিলিমন, তীমথিয় এবং তীত) রক্ষিত করেছে। খুব সম্ভবত, ইব্রীয় পত্রটি তিনি যিহুদী খ্রীষ্টানদের পুরাতন নিয়মের পশুবলির চেয়ে যীশুকে তাদের মশীহ রূপে বিশ্বাস করার জন্য উৎসাহিত করতে লিখেছিলেন। ১ করিন্থীয় ৪ঃ১৪ পদে অন্বেষণ করুন, পৌল কেন করিন্থীয়দের লিখেছিলেন।

প্রেরিতরা **গ্রীক** ভাষায় লিখতেন, যাতে বেশীর ভাগ লোক সে সময় পড়তো তারা আরও অনেক পত্র লিখেছিলেন, কিন্তু সেগুলি নতুন নিয়মে অন্তর্ভুক্ত করা হয়নি। বিশ্বাসীরা প্রেরিতদের চিঠিগুলি নকল করে অন্যদেরকে তা পাঠিয়ে দিত। (কলসীয় ৪ঃ১৬ পদ দেখুন)



নীচে প্রদত্ত পূর্ব-ভূমধ্যসাগরীয় মানচিত্র থেকে খুঁজে বের করুন যেখানে পত্রগুলি লেখা হয়েছিল।

২. **আপনার সহকর্মীদের সাথে, আসন্ন সপ্তাহের জন্য কার্যকলাপ পরিকল্পনা করুন।**

- যে সমস্ত বিশ্বাসী ও মন্ডলী গুলিকে আপনার সবসময় পরিদর্শন সম্ভব হয় না। তাঁর তালিকা প্রস্তুত করুন।
- আপনার কাছ থেকে তাদের কি শিক্ষা করার প্রয়োজন আছে তা একত্রে আলোচনা করুন।
- তাদের প্রত্যেকের জন্য প্রার্থনা করুন।
- পৌল যেমন করেছিলেন তেমনি তাদেরকে উৎসাহ দানের জন্য পত্র লিখুন। আপনাদের প্রত্যেককে তাতে সই করুন।

৩. **আপনার সহকর্মীদের সাথে আসন্ন আরাধনার সময় সম্পর্কে পরিকল্পনা করুন।**

পত্রাবলি লেখার কারণগুলি যা প্রথম ভাগে দেওয়া আছে, তা ব্যাখ্যা করুন। এও ব্যাখ্যা করুন যে খ্রীষ্টানরা যীশুর আজ্ঞাতে যেমন মেনে চলত ঠিক তেমনি পত্রবলীগুলির প্রতিও বাধ্য ছিল।

পত্রাবলী থেকে তাদের প্রিয় পদগুলিকে বিশ্বাসীদেরকে আবৃত্তি করতে দিন।

ছোটরা যে নাটক এবং কবিতা প্রস্তুত করেছে তা তাদেরকে উপস্থাপন করতে দিন।

যে সমস্ত নগরে পৌল পত্র লিখেছিলেন তার একটি মানচিত্র দেখান।



পাঁচজন প্রাপ্তবয়স্ককে যাকোব, পিতর, যোহন, যিহুদা, এবং পৌলের ভূমিকায় অভিনয় করতে দিন। নীচে যে ভাবে দেওয়া আছে সেভাবে নিজেদের সম্বন্ধে পরিচিতি দিন এবং এরপর উপরে প্রথম অংশে আপনাদের সম্বন্ধে যা কিছু লিপিবদ্ধ আছে তা ব্যাখ্যা করুন।

**যাকোব ঃ** ''আমি হলাম যাকোব, যীশু খ্রীষ্টের একই রক্ত ও মাংসের সম্পর্কে ভাই। যিরূশালেমের বিশ্বাসীদের উপর আমি অধ্যক্ষ রূপে নিযুক্ত ছিলাম এবং আমাকে যিহূদী বিশ্বাসীদের সাথে অহরহ প্রাণপণ করতে হয়েছে, কারণ তারা যীশুর নতুন নিয়মের বিনামূল্যে দত্ত অনুগ্রহের উপর বিশ্বাস স্থাপনের বদলে সর্বদা পুরাতন নিয়মের বিধিতে ফিরে যেতে চাইত।''

**পিতর ঃ** ''আমার নাম পিতর, যে মৎস্যধারী ছিল। আমি খুব সত্বর যীশুকে প্রতিজ্ঞাত মশিহ সম্পর্কিত যাবতীয় ভবিষ্যত বাণী গুলিকে পূর্ণ করতে দেখেছিলাম। নগরে অযিহুদী বিশ্বাসীদের উপর পবিত্র আত্মার প্রথম অবতারণাকে আমি অবলোকন করেছিলাম। সেটা খুবই আশ্চর্যজনক হলেও ওই ব্যাপারটি নিয়েই পরবর্তী কালে যিরূশালেমে যিহূদীদের মধ্যে গুরুত্বপূর্ণ প্রশ্ন উঠেছিল।''

**যোহন ঃ** ''আমার নাম যোহন। যাতে লোকেরা নিশ্চিত ভাবে জানতে পারে, সেজন্য যা কিছুর আমি প্রত্যেক্ষ করেছি তাই-ই আমি লিপিবদ্ধ করেছি। যীশুর অবগাহনের সময় পবিত্র আত্মাকে কপোতের ন্যায় যীশুর উপর নেমে আসতে ও পিতার রবকে আকাশ থেকে বজ্রনিনাদের ন্যায় ঘোষিত হতে আমি শুনেছিলাম। মৃত্যুর পর পুনরুত্থিত যীশুকে আমি প্রত্যক্ষ করেছিলাম।''

**যিহূদা ঃ** ''আমার নাম যিহুদা, আমি আবার যীশুর ভাই এবং গালীলে আমরা একসাথে বেড়ে উঠেছি। তিনি যখন তার প্রথম আশ্চর্য কাজটি করেছিলেন তখন তা দেখে আমি বিস্ময়ে বিমূঢ় হয়েগিয়েছিলাম। নাসরতের অন্যান্য লোকেদের মতই আমার পক্ষেও এটা বিশ্বাস করা কঠিন ছিল। তিনি যা বলতেন তা করার কারণে আমি খুব শীঘ্রই বুঝেছিলাম যে তিনি ছিলেন ঈশ্বরের পুত্র।''

**পৌল ঃ** ''আমি হলাম প্রেরীত পৌল। আমি একজন খুব কঠোর ফরীশী ছিলাম ও খ্রীষ্ট বিশ্বাসীদেরকে ঘৃণা করতাম। দম্মেশকের রাস্তায় যীশু আমাকে দর্শন দেওয়ার আগে পর্য্যন্ত আমি তাদেরকে নিষ্ঠুর ভাবে অত্যাচার করতাম। তাঁর গৌরবোজ্জ্বল রূপ দেখে আমি দীর্ঘ সময়ের জন্য অন্ধ হয়েছিলাম। এখন আমি একমাত্র যীশুরই পরিচর্য্যা করি।''

প্রভুর ভোজের পরিচিতি করণের জন্য ১ যোহন ১ঃ৭-১০ অংশটি পাঠ করুন। ব্যাখ্যা করুন যে প্রভুর ভোজ গ্রহণের পূর্বে আমরা সত্যরূপে আমাদের সমস্ত পাপকে সর্ব পবিত্রতমের সম্মুখে স্বীকার করি। কারণ আমরা জানি যে তিনি, আমাদের প্রভু যীশু খ্রীষ্টের ক্ষমতাশালী এবং ধৌতকারী রক্তের দ্বারা আমাদের যাবতীয় পাপকে ধৌত করেন।''

প্রেরিতদের শিক্ষাবলীকে অনুসরণ করে কিভাবে তাদের জীবন আশীর্ব্বাদ প্রাপ্ত হয়েছে, সেই সম্পর্কে বিশ্বাসীদেরকে প্রশংসা সূচক সাক্ষ্য দিতে দিন।

১ যোহন ২ঃ১২-১৩ পদ একত্রে মুখস্থ করুন। নতুন নিয়মের পত্রাবলী সম্পর্কে যে সত্যকে তারা এক্ষণে শিক্ষা করেছে তা আলোচনার জন্য, প্রার্থনার কার্যকলাপ পরিকল্পনার সুনিশ্চয়তা প্রদানের এবং একে অপরেকে উৎসাহ দানের জন্য দুই অথবা তিনজন বিশ্বাসীদের নিয়ে দল গঠন করুন।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net